DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Aug 2026, 10:57 PM

আন্তর্জাতিক

# ইরানের সঙ্গে যুদ্ধবিরতি চুক্তি বাতিল করার ঘোষণা ট্রাম্পের

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০৮ জুলাই ২০২৬, ০৩:৩৫ PM



ইরানের সাথে করা সমঝোতা চুক্তি বাতিল করার ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তুরস্কের রাজধানী আঙ্কারায় ন্যাটো জোটের শীর্ষ সম্মেলন তিনি এ কথা জানান। এই সম্মেলনে ন্যাটো প্রধান মার্ক রুটের পাশে দাঁড়িয়ে কড়া বক্তব্য দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেখানে তিনি স্পষ্ট করে জানিয়েছেন, ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের চলমান সমঝোতা বা চুক্তি পুরোপুরি শেষ হয়ে গেছে।

সম্মেলনে সাংবাদিকদের ট্রাম্প বলেন, ইরানের সঙ্গে যে সমঝোতা স্মারক (এমওইউ) ছিল, তার দিন শেষ। তিনি বলেন, □আমার মনে হয় এটা শেষ। গত রাতে আমরা ওদের ওপর অত্যন্ত শক্তিশালী হামলা চালিয়েছি।□

ইরানকে পরমাণুমুক্ত করার ঘোষণা দিয়ে ট্রাম্প বলেন, আমি ওদের পছন্দ করি না। ওরা খুব নোংরা খেলোয়াড় এবং দুষ্টু লোক। আমাদের মূল লক্ষ্য হলো ইরানকে পরমাণুমুক্ত করা। আমরা ওদের পরমাণু ক্ষমতা কেড়ে নেবই।

ট্রাম্প আরও বলেন, তিনি ইরানকে আগেই সতর্ক করেছিলেন যে তারা আঘাত করলে যুক্তরাষ্ট্র পাল্টা আঘাত করবে। তারা নোংরা উপায়ে

চলে, সবার পেছনেই লাগে, এমনকি হয়তো আমার পেছনেও লাগবে।

তবে ইরান ইস্যুতে সামরিক জোট ন্যাটোর ওপর বেশ অসন্তুষ্ট ট্রাম্প। তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, □আমি ন্যাটোর ওপর খুশি নই। কারণ বিশ্বের এক নম্বর সন্ত্রাসী রাষ্ট্র ইরানকে দমনে এই জোট আমাদের সাহায্য করতে চায়নি।□

উল্লেখ্য, গত মঙ্গলবার হরমুজ প্রণালিতে তিনটি তেলের ট্যাংকারে হামলার জেরে ইরানের ৮০টির বেশি নিশানায় ভয়াবহ হামলা চালায় যুক্তরাষ্ট্র। এর জবাবে ইরানও বাহরাইন ও কুয়েতে থাকা  যুক্তরাষ্ট্রের ৮৫টি ঘাঁটিতে পাল্টা হামলা চালায়।


এর পাশাপাশি ইরান ইস্যুতে ইউরোপের দেশ স্পেনের ওপরও চরম ক্ষোভ ঝেড়েছেন ট্রাম্প। স্পেনের সঙ্গে সব ধরনের বাণিজ্য বাতিল করার জন্য তিনি নির্দেশ দিয়েছেন। গত মার্চ মাসে স্পেন  যুক্তরাষ্ট্রের যুদ্ধবিমানের জন্য তাদের আকাশসীমা বন্ধ করে দিয়েছিল এবং নিজেদের ঘাঁটি ব্যবহার করতে মানা করেছিল। সেই ক্ষোভ থেকেই স্পেনকে □বাজে মিত্র□ উল্লেখ করে তাদের বিরুদ্ধে এই কঠোর ব্যবস্থা নিলেন ডোনাল্ড ট্রাম্প।

---


## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্মা...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**
ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/iraner-sngge-juddhbirti-chukti-batil-krar-ghoshna-tramper